


ট্যাবলেট পিসি'র মূল ব্যবহার ইন্টারনেট

সময়ের জনপ্রিয় একটি পণ্য হচ্ছে ট্যাবলেট পিসি। অ্যাপল'র আইপ্যাড থেকে শুরু করে এখন বাজারে রয়েছে নানান ব্র্যান্ডের ট্যাবলেট পিসি। ইতোমধ্যেই কয়েকটি গবেষণা প্রতিষ্ঠানের প্রতিবেদনে অনুমান করা হয়েছে, ২০১৬ সাল নাগাদ ট্যাবলেট পিসি বিক্রির হিসেবে পেরিয়ে যাবে নোটবুককে। তবে ট্যাবলেট পিসি যারা ব্যবহার করছেন, তাদের মূল ব্যবহার কী? সম্প্রতি এই নিয়ে একটি গবেষণা পরিচালনা করেছে বিশ্বখ্যাত প্রযুক্তি গবেষণা প্রতিষ্ঠান গার্টনার। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য এবং অস্ট্রেলিয়ার ট্যাবলেট পিসি ব্যবহারকারীদের উপর পরিচালিত এই গবেষণায় পাওয়া গেছে, দৈনন্দিন নানান কাজেই বেশি ব্যবহৃত হচ্ছে ট্যাবলেট পিসি। আর এসব দৈনন্দিন কাজ করার মূল হাতিয়ার হচ্ছে ইন্টারনেট। আর ট্যাবলেট পিসি ক্রমেই মোবাইল ফোনের মতোই পার্সোনাল ডিভাইসেই পরিণত হয়ে যাচ্ছে।

ট্যাবলেট পিসি'র ব্যবহারকারীদের মধ্যে ৮১ শতাংশ জানিয়েছেন, তারা এর মাধ্যমে ইমেইল চেক করে থাকেন নিয়মিত। নির্দিষ্ট একটি কাজের ক্ষেত্রে এর অবস্থানই শীর্ষে। দ্বিতীয় স্থানে রয়েছে খবর পড়া। প্রায় ৬৯ শতাংশ ট্যাবলেট পিসি ব্যবহারকারী এখন ট্যাবলেট পিসি'র মাধ্যমেই অনলাইনে খবর পড়ার কাজটি সম্পন্ন করে থাকে। আর ৬৩ শতাংশ নিয়মিত

আবহাওয়ার খবর নিয়ে থাকে তাদের ট্যাবলেট পিসি'র মাধ্যমে। চতুর্থ স্থানে থাকা সোশ্যাল নেটওয়ার্কিং ব্যবহার করে থাকেন ৬২ শতাংশ ট্যাবলেট ব্যবহারকারী। আর ট্যাবলেট পিসিকে



গেমিং ডিভাইস হিসেবে ব্যবহার করে থাকেন ৬০ শতাংশ মানুষ। এদিকে ট্যাবলেট পিসিকে সকলে ঘরেই ব্যবহার করে থাকেন। ঘরের বাইরে বরং এর ব্যবহার অনেক কম। ছুটির দিনগুলোতে যখন মানুষ বাসায় থাকে না, তখনই ট্যাবলেট পিসির ব্যবহার সবচেয়ে কম হয় বলে জানা গেছে গার্টনারের এই প্রতিবেদন থেকে।